# B.A. 5th Semester (General) Examination, 2019 (CBCS)

## Subject : Bengali

9822

## Paper : DSE-1A

(উনিশ শতকের বাংলা উপন্যাস)

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×১০=২০

(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত প্রথম সার্থক বাংলা উপন্যাস কোনটি? উপন্যাসটির রচনাকাল লেখো।

(খ) রমেশচন্দ্র দত্ত রচিত দুটি সামাজিক উপন্যাসের নাম প্রকাশকালসহ লেখো।

(গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্ম ও মৃত্যুসাল উল্লেখ করো।

(ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের অগ্রজের নাম কী? তাঁর লেখা একটি ভ্রমণ কাহিনির নাম প্রকাশকালসহ লেখো।

(ঙ) 'কঙ্কাবতী' উপন্যাসটি কার লেখা? উপন্যাসটির প্রকাশকাল লেখো।

(চ) 'আলালের ঘরের দুলাল' কার লেখা? তিনি কোন ছদ্মনামে এটি রচনা করেন?

(ছ) 'হুতোম প্যাঁচার নক্‌শা' গ্রন্থটি কার লেখা? গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

(জ) বাংলা সাহিত্যের সর্ববৃহৎ উপন্যাস কোনটি? এটি কার লেখা?

(ঝ) 'বিষবৃক্ষ' কোন শ্রেণির উপন্যাস? উপন্যাসে উল্লিখিত দুটি চরিত্রের নাম লেখো।

(ঞ) 'ফুলমণি ও করুণার বিবরণ' গ্রন্থটি কার লেখা ও কতসালে প্রকাশিত হয়?

(ট) স্বর্ণকুমারী দেবীর দুটি গার্হস্থ্য বিষয়ক উপন্যাসের নাম লেখো।

(ঠ) 'স্বর্ণলতা' উপন্যাসটি কার লেখা? এটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(ড) বাংলা সাহিত্যের প্রথম ব্যঙ্গ-উপন্যাস কোনটি? এটির রচয়িতা কে?

(ঢ) দামোদর মুখোপাধ্যায়ের দুটি উপন্যাসের নাম প্রকাশকালসহ লেখো।

(ণ) 'মডেল ভাগিনী' উপন্যাসটির রচয়িতা কে? এটি ক-টি খণ্ডে বিভক্ত?



Scanned by SelfScan

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত দুটি দেশাত্মবোধক উপন্যাসের নাম প্রকাশকালসহ লেখো। এদের মধ্যে যে-কোনো একটি উপন্যাসের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো। ২+৩=৫

(খ) 'কঙ্কাবতী' উপন্যাস ক-টি খণ্ডে বিভক্ত? উপন্যাসটিতে বাস্তব ও কল্পনার সংমিশ্রণ কীভাবে ঘটেছে সংক্ষেপে লেখো। ১+৪=৫

(গ) 'বঙ্গাধিপ পরাজয়' উপন্যাসটিতে কোন পাশ্চাত্য ঔপন্যাসিকের প্রভাব রয়েছে? ঐতিহাসিক উপন্যাস হিসাবে এটি কতটা সার্থক হয়েছে সংক্ষেপে আলোচনা করো। ১+৪=৫

(ঘ) 'আলালের ঘরের দুলাল' কত সালে প্রকাশিত হয়? গ্রন্থটিকে কি বাংলার প্রথম সার্থক উপন্যাস বলা সংগত?—তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ১+৪=৫

(ঙ) উনিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলা উপন্যাসের বিষয়গত বৈচিত্র্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫

(চ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত প্রথম সার্থক উপন্যাস কোনটি? এটি কত সালে প্রকাশিত হয়? উপন্যাসটিতে লেখকের মুন্সিয়ানার পরিচয় দাও। ১+১+৩=৫

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'বঙ্কিমচন্দ্রের রোমান্সধর্মী উপন্যাসগুলি বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ সম্পদ'—আলোচনা করো। ১০

(খ) রমেশচন্দ্র দত্তের চারটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো। উপন্যাসগুলিতে প্রাচীন ভারতের ইতিহাস কীভাবে চিত্রিত হয়েছে আলোচনা করো। ২+৮=১০

(গ) স্বর্ণকুমারী দেবীর প্রথম উপন্যাস কোনটি? উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়? বাংলা উপন্যাস রচনায় তাঁর কৃতিত্ব আলোচনা করো। ১+১+৮=১০

(ঘ) উনিশ শতকের বাংলা উপন্যাসের উদ্ভব ও ক্রমবিকাশের স্তরগুলি সংক্ষেপে আলোচনা করো। ১০

# B.A. 5th Semester (General) Examination, 2019 (CBCS)

## Subject : Bengali

## Paper : DSE-1A (OR)

**(উনিশ শতকের বাংলা গল্প)**

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×১০=২০

(ক) পণপ্রথা অবলম্বনে রবীন্দ্রনাথের প্রথম গল্প কোনটি? সেই গল্পের নায়িকার নাম লেখো।

(খ) কোন পাশ্চাত্য দেশের সাহিত্য থেকে প্রথম ছোটোগল্প অনূদিত হিসাবে বাংলা সাহিত্যে আসে?

(গ) রবীন্দ্রনাথের গল্পগুলি প্রকাশিত হয়েছে এমন দুটি পত্রিকার নাম লেখো।

(ঘ) স্বর্ণকুমারী দেবী রচিত দুটি গল্পের নাম লেখো।

(ঙ) প্রভাতকুমার মুখোপাধ্যায়ের রচিত দুটি গল্পগ্রন্থের নাম লেখো।

(চ) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় রচিত দুটি গল্পগ্রন্থের নাম লেখো।

(ছ) 'ফোকলা দিগম্বর' গল্পগ্রন্থটি কার লেখা? কবে প্রকাশিত হয়?

(জ) 'দামিনী' কোন ধরনের গ্রন্থ? এটি কার রচনা?

(ঝ) প্রভাতকুমার মুখোপাধ্যায়ের প্রথম গল্প কোনটি? কবে প্রকাশিত হয়?

(ঞ) 'নবকথা' গল্পগ্রন্থটি কার লেখা? কবে প্রকাশিত হয়?

(ট) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের জন্ম ও মৃত্যু সাল লেখো।

(ঠ) 'দেবী' গল্পের প্লট প্রভাতকুমার কার কাছ থেকে পান? এটি কোন গল্প-সংকলনের অন্তর্গত?

(ড) ১৮৯৯ খ্রিস্টাব্দের পূর্বে রচিত রবীন্দ্রনাথের দুটি গল্পের নাম লেখো।

(ঢ) রবীন্দ্র ছোটোগল্পগুলি কোন গল্প-সংকলনের অন্তর্গত? এটি ক-টি খণ্ডে বিভক্ত?

(ণ) 'হিতবাদী' ও 'ভারতী' পত্রিকায় প্রকাশিত রবীন্দ্রনাথের দুটি গল্পের নাম লেখো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৪=২০

(ক) 'বাংলা গল্পে নতুন স্বাদের রসসাহিত্যের আদি স্রষ্টা ত্রৈলোক্যনাথ'—আলোচনা করো। ৫

(খ) ছোটোগল্পের সংজ্ঞা লেখো। ছোটোগল্পের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ২+৩=৫

(গ) ১৮৯১ থেকে ১৮৯৯—এই কালপর্বে রচিত রবীন্দ্র ছোটোগল্পগুলির বিশেষত্ব আলোচনা করো। ৫

(ঘ) গল্পকার হিসাবে প্রভাতকুমার মুখোপাধ্যায়ের অবদান সংক্ষেপে আলোচনা করো। ৫

(ঙ) প্রথম মহিলা গল্পকার হিসাবে স্বর্ণকুমারী দেবীর কৃতিত্ব আলোচনা করো। ৫

(চ) উনিশ শতকের বাংলা গল্পে লব্ধ আঙ্গিকগত স্বরূপ-বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) 'তিনি অবসর বিনোদনের জন্য এমন বিচিত্র কাহিনি সৃষ্টি করিয়া গিয়াছেন, যাহার জুড়ি আজ পর্যন্ত মিলিল না'—গল্পকার ত্রৈলোক্যনাথ সম্পর্কিত সমালোচকের এই মন্তব্যটির যথার্থতা বিচার করো।

(খ) 'রবীন্দ্রনাথ বাংলা ছোটোগল্প ধারার সর্বজনবেদ্য ভগীরথ'—তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

(গ) 'রবীন্দ্রনাথ কবি, আর প্রভাতকুমার কথাকোবিদ্। জীবনের ব্যাখ্যায় নয় প্রকাশনেই তাঁর আগ্রহ'—গল্পকার প্রভাতকুমার সম্পর্কে মন্তব্যটি কতটা যুক্তিযুক্ত বলে তুমি মনে করো।

(ঘ) উনিশ শতকে বাংলা ছোটোগল্পের উদ্ভব ও ক্রমবিকাশের ইতিহাসটি সংক্ষেপে বিবৃত করো।

———